


## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

পরিকল্পনা বিভাগের রাজস্ব খাতের ৬২ (বাষট্টি) টি শূন্যপদে জনবল নিয়োগের জন্য গত ১৭/০৮/২০১৮ তারিখে দৈনিক ইত্তেফাক এবং ১৯/০৮/২০১৮ তারিখে দৈনিক জনকণ্ঠ দু'টি জাতীয় দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশিত হয়। উক্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তাবলীর ১নং এবং ২নং ক্রমিকে বর্ণিত শর্ত নিম্নরূপ সংশোধন করা হলো:

### শর্তাবলী:

- (১) আবেদনকারী প্রার্থীদেরকে পরিকল্পনা বিভাগের ওয়েবসাইট (<http://recruitment.plandiv.gov.bd>) হতে নির্ধারিত চাকরির আবেদন ফরম হুবহু অনুসরণ করে তা পূরণক্রমে আবেদনপত্র প্রিন্ট করে স্বাক্ষর দিয়ে ছবি ও প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র ডাকযোগে (কুরিয়ার সার্ভিসসহ) ২৩/১০/২০১৮ খ্রি: তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে উপসচিব, প্রশাসন অধিশাখা-৩, পরিকল্পনা বিভাগ, ব্লক নং-৯, কক্ষ নং-১৬, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এই ঠিকানায় অবশ্যই পৌঁছাতে হবে। উল্লেখ্য, ওয়েবসাইটের মাধ্যমে ১৩/১০/২০১৮ খ্রি: তারিখের মধ্যে আবেদন করতে হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত কোন আবেদন বিবেচনাযোগ্য হবে না। চাকরির আবেদন ফরম পূরণের বিস্তারিত তথ্য <http://recruitment.plandiv.gov.bd> এই ঠিকানায় পাওয়া যাবে।
- (২) আবেদনকারীকে ক্রমিক ১ হতে ৫ নং পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা এবং ক্রমিক ৬ ও ৭ নং পদের জন্য ৫০ (পঞ্চাশ) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে সচিব, পরিকল্পনা বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা-এর অনুকূলে নতুন কোড নং-১১৪০১০১১০৩০৩৬৩-১৪২২৩২৬ অথবা পুরাতন কোড নং-০১-১৪০১-০০০১-২০৩১ এ অফেরতযোগ্য ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে চালানের মূল কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। কোন প্রকার পোস্টাল অর্ডার/ব্যাংক ড্রাফট এক্ষেত্রে গ্রহণযোগ্য হবে না।

০২। নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

  
(মোছাঃ জেসমুন নাহার)  
সিনিয়র সহকারী সচিব  
পরিকল্পনা বিভাগ  
শেরে বাংলা নগর, ঢাকা।